

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৩৫

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি সাত রীতির যে কোন এক রীতিতে কুর'আন পাঠ করবেন, তিনি সঠিক হিসেবে বিবেচিত হবেন-এই মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ مَنْ قَرَأً الْقُرْآنَ عَلَى حَرْفٍ مِنَ الْأَحْرُفِ السَّبْعَةِ كَانَ مصيباً

আরবী

735 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّنَنَا جَعْفَرُ بْنُ مِهْرَانَ السَّبَاكُ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ عَنْ مُحَمَّدِ بْنِ جُحَادَةَ عَنِ الْحَكَمِ بْنِ عُتَيْبَةَ عَنْ مُجَاهِدٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى عَنْ أُبُيّ بْنِ كَعْبِ: أَنَّ جَبْرِيلَ عَلَيْهِ السَّلَامُ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ بِأَضَاةِ عَنْ أَبُيّ بْنِ كَعْبِ: أَنَّ جَبْرِيلَ عَلَيْهِ السَّلَامُ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَسْأَلُ اللَّهَ مُعَافَاتَهُ وَمَغْفِرَتَهُ أَوْ مَعُونَتَهُ وَمُعَافَاتَهُ سَلُ لَهُمُ التَّخْفِيفَ فَإِنَّهُمْ لَنْ يُطِيقُوا ذَلِكَ فَانْطَلَقَ ثُمَّ رَجَعَ فَقَالَ: إِنَّ اللَّهَ يَأْمُرُكَ أَنْ تُقْرِى أَمْتَكَ هَذَا الْقُرْآنَ عَلَى حَرْفِ وَاحِدِ التَّخْفِيفَ فَإِنَّهُمْ لَنْ يُطِيقُوا ذَلِكَ فَانْطَلَقَ ثُمَّ رَجَعَ فَقَالَ: إِنَّ اللَّهَ يَأْمُرُكَ أَنْ تُقْرِى أَمُّ لَكُ هَذَا الْقُرْآنَ عَلَى حَرْفَيْنِ فَقَالَ: إِنَّ اللَّهَ مُعَافَاتَهُ وَمَعْونَتَهُ وَمُعُونَتَهُ وَمُعَافَاتَهُ سَلُ لَهُمُ الْقُرْآنَ عَلَى حَرْفَيْنِ فَقَالَ: إِنَّ اللَّهَ مُعَافَاتَهُ سَلُ لَهُمُ الْقُرْآنَ عَلَى حَرْفَيْنِ فَقَالَ: إِنَّ اللَّهَ مُعَافَاتَهُ وَمُعُونَتَهُ اللَّهُ مُعَافَاتَهُ سَلُ لَهُمُ اللَّهُ مُعُافَاتَهُ وَمَعُونَتَهُ وَمُعُونَتَهُ وَمُعُونَتَهُ وَمُعُونَتَهُ وَمُعُونَتَهُ وَمُعُونَةُ وَمُعُونَتَهُ وَمُعُونَتَهُ وَمُعُونَتَهُ وَمُعُونَتَهُ وَمُعُونَتَهُ وَمُعُونَتَهُ وَمُعُونَتَهُ وَمُعُونَتَهُ وَمُعُونَتَهُ سَلُ لَهُمُ اللَّهُ مُعُلِقًا لَا لَلْهُ مُلْ اللَّهُ مُعُلِقً هَالَ اللَّهُ مُعُونَتَهُ وَلَى الله يأمرك أَن تُقْرَأُ هَذَا القُرْآنَ عَلَى سَبُعَةِ أَحْرُفٍ فَمَنْ قَرأ حرفًا منها فهو كما قرأ)

الراوي: أُبِيّ بْن كَعْبِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح أبن حبان

الصفحة أو الرقم: 735 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৩৫. উবাই বিন কা'ব রাদ্য়াল্লাহু তা'আলা আনহু বলেন, "জিবরীল আলাইহিস সালাম নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসেন, সে সময় তিনি বানী গিফার গোত্রের এলাকায় ছিলেন। জিবরীল আলাইহিস সালাম



তাঁকে বলেন, "হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিশ্চয়ই আল্লাহ আপনাকে নির্দেশ দিচ্ছেন যে, আপনি আপনার উম্মাতকে এই কুর'আন এক রীতিতে পাঠ করে শুনাবেন।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আমি আল্লাহর কাছে সুস্থতা, নিরাপত্তা ও ক্ষমা চাই (রাবী বলেন, "অথবা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) আমি আল্লাহর কাছে সাহায্য, সুস্থতা ও নিরাপত্তা চাই। আপনি তাঁর কাছে একটু সহজতা প্রার্থনা করুন। কেননা তারা এটা পারবে না।"

অতঃপর জিবরীল আলাইহিস সালাম (আল্লাহর কাছে) চলে গেলেন তারপর আবার ফিরে আসলেন এবং বললেন, "নিশ্চয়ই আল্লাহ আপনাকে নির্দেশ দিচ্ছেন যে, আপনি আপনার উম্মাতকে এই কুর'আন এক রীতিতে পাঠ করে শুনাবেন।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আমি আল্লাহর কাছে তাঁর সুস্থতা, নিরাপত্তা ও ক্ষমা চাই, (রাবী বলেন, "অথবা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) আমি আল্লাহর কাছে সাহায্য, সুস্থতা ও নিরাপত্তা চাই। আপনি তাঁর কাছে একটু সহজতা প্রার্থনা করুন। কেননা তারা এটা পারবে না।" অতঃপর জিবরীল আলাইহিস সালাম (আল্লাহর কাছে) চলে গেলেন তারপর আবার ফিরে আসলেন এবং বললেন, "নিশ্চয়ই আল্লাহ আপনাকে নির্দেশ দিচ্ছেন যে, আপনি আপনার উম্মাতকে এই কুর'আন দুই রীতিতে পাঠ করে শুনাবেন।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আমি আল্লাহর কাছে সুস্থতা, নিরাপতা ও ক্ষমা চাই, (রাবী বলেন, "অথবা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) আমি আল্লাহর কাছে সাহায্য, সুস্থতা ও নিরাপত্তা চাই। আপনি তাঁর কাছে একটু সহজতা প্রার্থনা করুন। কেননা তারা এটা পারবে না।" অতঃপর জিবরীল আলাইহিস সালাম (আল্লাহর কাছে) চলে গেলেন তারপর আবার ফিরে আসলেন এবং বললেন, "নিশ্চয়ই আল্লাহ আপনাকে নির্দেশ দিচ্ছেন যে, আপনি আপনার উম্মাতকে এই কুর'আন তিন রীতিতে পাঠ করে শুনাবেন।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আমি আল্লাহর কাছে সুস্থতা, নিরাপত্তা ও ক্ষমা চাই, (রাবী বলেন, "অথবা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) আমি আল্লাহর কাছে সাহায্য, সুস্থতা ও নিরাপত্তা চাই। আপনি তাঁর কাছে একটু সহজতা প্রার্থনা করুন। কেননা তারা এটা পারবে না।" অতঃপর জিবরীল আলাইহিস সালাম (আল্লাহর কাছে) চলে গেলেন তারপর আবার ফিরে আসলেন এবং বললেন, "নিশ্চয়ই আল্লাহ আপনাকে নির্দেশ দিচ্ছেন যে, আপনি আপনার উম্মাতকে এই কুর'আন সাত রীতিতে পাঠ করে শুনাবেন। কাজেই যে ব্যক্তি এই সাত রীতির যে কোন এক রীতিতে কুর'আন পাঠ করবে, সে ব্যক্তি যথাযথভাবেই কুর'আন পাঠ করলো।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৫১৮; মুসনাদ আহমাদ: ৫/১৩২; আত তায়ালিসী: ২/৮; তিরমিযী: ২৯৪৪।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩২৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 89238$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন